



## বাংলাদেশ ব্যাংক

ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন এন্ড পাবলিকেশন

সূত্র নং: ডিসিপি(পিআর) ০৫/২০২৩-৩৪৪

তারিখ : ১০ আগস্ট, ২০২৩

### প্রেস বিজ্ঞপ্তি

প্রধান বার্তা সম্পাদক,  
ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া  
ঢাকা।

**হুডি, অনলাইন গ্যাম্বলিং, গেমিং, বেটিং, ফরেক্স এবং ক্রিপ্টো ট্রেডিং প্রতিরোধে জিরো টলারেঞ্জ সরকার।**

এখন চতুর্থ শিল্প বিপ্লবের যুগ। চতুর্থ শিল্প বিপ্লবের সাথে তাল মিলিয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সকলের অংশগ্রহণে ডিজিটাল বাংলাদেশ এবং স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নের কার্যক্রম এগিয়ে যাচ্ছে। এর ফলে আর্থিক সেক্টরেও ডিজিটাল পেমেন্ট এবং স্মার্ট পেমেন্টের প্রয়োগ বেড়েছে যার সুফল ভোগ করছে পুরো বাংলাদেশ। তবে সুফল ও সমৃদ্ধির পাশাপাশি এসব ব্যাংকিং ও পেমেন্ট সিস্টেমের অপব্যবহারও বেড়েছে। ডিজিটাল ব্যাংকিং/পেমেন্টের সুবিধা কাজে লাগিয়ে বিভিন্ন আর্থিক অপরাধ বিস্তার লাভ করেছে। এর মধ্যে অবৈধ অনলাইন গ্যাম্বলিং, গেমিং, বেটিং, ফরেক্স এবং ক্রিপ্টো ট্রেডিং অন্যতম। সাম্প্রতিক সময়ে এসব অপরাধের মাধ্যমে সংঘটিত অবৈধ লেনদেন মাত্রাতিরিক্ত হারে বৃদ্ধি পেয়েছে। ডিজিটাল পেমেন্ট সিস্টেমকে কাজে লাগিয়ে এসব অপরাধ হুডি প্রক্রিয়াকে সহজ ও ত্বরান্বিত করেছে। এর ফলে মুদ্রা পাচার বেড়ে যাচ্ছে এবং দেশের অর্থনীতি ক্ষতিগ্রস্ত হচ্ছে। দেশ প্রচুর পরিমাণ বৈদেশিক মুদ্রা হারাচ্ছে।

মানিলাভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বাংলাদেশের কেন্দ্রীয় সংস্থা হিসেবে বিএফআইইউ হুডি তথা অনলাইন গ্যাম্বলিং, গেমিং, বেটিং, ফরেক্স এবং ক্রিপ্টো ট্রেডিং এর মাধ্যমে অর্থ পাচার রোধসহ সকল ধরনের অর্থ পাচার রোধকল্পে বিএফআইইউ অন্যান্য সংস্থাসমূহের সাথে একযোগে কাজ করে যাচ্ছে। এ সমস্ত অপরাধ প্রতিরোধে বিএফআইইউ ইতোমধ্যেই ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়াসহ বিভিন্ন মিডিয়াতে বিজ্ঞপ্তি ও বিজ্ঞাপন প্রচারের মাধ্যমে সচেতনতা বৃদ্ধির কার্যক্রম অব্যাহত রেখেছে। এছাড়াও বিএফআইইউ প্রতিনিয়ত আইন প্রয়োগকারী সংস্থাসমূহকে এ বিষয়ক ইন্টেলিজেন্স সরবরাহ করে যাচ্ছে ও পাশাপাশি এ সংক্রান্ত ওয়েবসাইট, অ্যাপ, ফেইসবুক পেজ এবং ইউটিউব লিংক চিহ্নিতকরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইন প্রয়োগকারী ও নিয়ন্ত্রক সংস্থা বরাবর প্রেরণ করা হয়েছে। অধিকন্তু সম্প্রতি টেলিভিশনের বিভিন্ন চ্যানেলে অনলাইন বেটিং ও গ্যাম্বলিং সংক্রান্ত বিজ্ঞাপন প্রচার বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে।

তদুপরি অনলাইন গ্যাম্বলিং, গেমিং, বেটিং, ফরেক্স এবং ক্রিপ্টো ট্রেডিং এর মাধ্যমে অর্থ পাচার রোধে মাননীয় প্রধানমন্ত্রীর জিরো টলারেঞ্জ নীতিকে প্রাধান্য দিয়ে বিএফআইইউ প্রধান কর্মকর্তা মোঃ মাসুদ বিশ্বাস এর সভাপতিত্বে অদ্য একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, বাংলাদেশ পুলিশের সিআইডি, স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা মেট্রোপলিটান পুলিশের ট্রান্সন্যাশনাল এন্ড সাইবার ক্রাইম বিভাগ এবং গোয়েন্দা ও প্রাইভেট সেক্টরের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় জনাব মাসুদ বিশ্বাস অবৈধ হুডি, অনলাইন গ্যাম্বলিং, গেমিং, বেটিং, ফরেক্স এবং ক্রিপ্টো ট্রেডিং এর বর্তমান পরিস্থিতি তুলে ধরে সকল সংস্থার একযোগে কাজ করার উপর গুরুত্বারোপ করেন এবং এ সংক্রান্ত সংস্থাসমূহের কাজের সমন্বয় সাধন ও জড়িতদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের আহবান জানান। এ বিষয়ে বিএফআইইউ তথ্য ও ইন্টেলিজেন্স দিয়ে প্রয়োজনীয় সহযোগিতা করবে। এছাড়াও সভায় একটি উপস্থাপনার মাধ্যমে তুলে ধরা হয় কিভাবে অবৈধ হুডি, অনলাইন গ্যাম্বলিং, গেমিং, বেটিং, ফরেক্স এবং ক্রিপ্টো ট্রেডিং এর মাধ্যমে মুদ্রা পাচার, সামাজিক অবক্ষয় ও যুবসমাজ ক্ষতির সম্মুখীন হচ্ছে। সভায় সকল সংস্থা আগামী দিনগুলোতে একযোগে কাজ করে অবৈধ হুডি, অনলাইন গ্যাম্বলিং, গেমিং, বেটিং, ফরেক্স এবং ক্রিপ্টো ট্রেডিং প্রতিরোধের প্রত্যয় ব্যক্ত করেন।

জাতীয় ও ব্যাংকিং স্বার্থে উল্লিখিত প্রেস বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য বিশেষ অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

(সাইদা খানম)

পরিচালক (এক্স ক্যাডার-প্রকাশনা) ও সহকারী মুখপাত্র

ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন এন্ড পাবলিকেশন

বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।

টেলিফোন: ৯৫৩০৩০০; মোবাইল: ০১৭১১৫৪৭৭৮

E-mail: sayeda.khanam@bb.org.bd